দৈনিক
ইত্তেফাক

তারিখ: 31 MAR 2018
পৃষ্ঠা: ১৩ কলাম: ৫

# বরিশালে এইচএসসিতে বেড়েছে পরীক্ষার্থীর সংখ্যা

■ বরিশাল অফিস

এইচএসসি পরীক্ষায় বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডে পরীক্ষার্থীর সংখ্যা বেড়েছে। ২০১৮ সালের পরিসংখ্যান অনুযায়ী বরিশাল বোর্ডে মোট পরীক্ষার্থীর সংখ্যা ৬৩ হাজার ৩২৭ জন। যা গত বছর ছিল ৬১ হাজার ৫৬২ জন।

জানা গেছে, মোট পরীক্ষার্থীর মধ্যে চলতি বছর নিয়মিত পরীক্ষার্থীর সংখ্যা ৪৯ হাজার ২২৫ জন, গত বছর নিয়মিত পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৪৫ হাজার ৮২২জন। ফলে গত বছরের চেয়ে এ বছর নিয়মিত সাড়ে ৩ হাজার পরীক্ষার্থী বেশি অংশগ্রহণ করছে।

বরিশাল শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর মো. আনোয়ারুল আজিম বলেন, এ বছর মোট পরীক্ষার্থীর মধ্যে ৩২ হাজার ৪৯৬ জন ছাত্র এবং ৩০ হাজার ৮৩১ জন ছাত্রী রয়েছে।

ফলে ছাত্রীদের চেয়ে ছাত্র পরীক্ষার্থীর সংখ্যা বেশি। মোট পরীক্ষার্থীর মধ্যে ৫১৭ জন জিপিএ উন্নয়নে, ১৭ জন প্রাইভেট ও অনিয়মিত ১৩ হাজার ৫৬৮ জন পরীক্ষার্থী রয়েছে।